

"নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ, সমৃদ্ধ হবে
বাংলাদেশ"

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর

বিষয়ঃ ১৯-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি আবদুল কাইউম
উপ-মহাপরিদর্শক
সভার তারিখ ১৯ ফেব্রুয়ারি ২০২৩
সভার সময় ১১.০০ ঘটিকা
স্থান সভাকক্ষ, অত্র কার্যালয়।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সভায় উপস্থিত বিভিন্ন কারখানা-প্রতিষ্ঠান হতে স্টেকহোল্ডার ও অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণদের সাথে বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	দুর্ঘটনা প্রতিরোধে নোটিশ প্রেরণ	কারখানার নিরাপত্তা ও শোভন কর্মপরিবেশ বজায় রাখতে কারখানা/ প্রতিষ্ঠানের মালিক বরাবর দুর্ঘটনা হ্রাস করণী বিষয়ক পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	কারখানা/প্রতিষ্ঠান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর দুর্ঘটনা প্রতিরোধ ও হ্রাস নোটিশ প্রেরণ করতে হবে।	সকল পরিদর্শক
০২	দুর্ঘটনা প্রতিরোধে বয়লার এর সেফটি ওয়্যাল ও প্রশিক্ষণপ্রাপ্ত বয়লার অপারেটর	অটোরাইচ মিলে স্থাপিত বয়লার, হাফিং রাইচ মিলে স্থাপিত ড্রাম বয়লার নিরাপদভাবে পরিচালনা করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত বয়লার অপারেটর নিয়োগদান ও সেফটি ওয়্যালের ব্যবস্থা এবং যে সকল কারখানাতে সাইলো আছে তাদেরকে সাইলো নির্মাণে নির্দিষ্ট কোড/সুপারিশ মেনে তা করার বিষয়ে আলোচনা হয়।	পরিদর্শনকালে বিষয়টি মনিটরিং ও পর্যবেক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
০৩	কর্ম থেকে শিশুশ্রম প্রত্যাহার	শিশুশ্রম নিরসন বিষয়ে (ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ) অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	শিশুশ্রম নিরসনে কমপক্ষে প্রতিটি টিমকে প্রতিমাসে ০২ টি করে শিশু কর্ম থেকে প্রত্যাহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের পরিদর্শক (সকল)
০৪	উদ্বুদ্ধকরণ সভা	কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে এসডিজি বাস্তবায়ন ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেফটি কমিটির সদস্যদের নিয়ে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	কারখানা/প্রতিষ্ঠানে ক্লাস্টার ভিত্তিতে সেফটি কমিটির সদস্যদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ ও অত্র কার্যালয়ের সকল পরিদর্শক

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল কাইউম
উপ-মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৪১০০.১০১.১৮.০৫২.১৯.১০৫

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (সদয় অবগতির জন্য)
- ২) শ্রম পরিদর্শক, যশোর (সকল)
- ৩) শ্রম পরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪) অফিস কপি।



জগদীশ চন্দ্র দাস

শ্রম পরিদর্শক